১৪

তারিখ AUG. 25 2006
পৃষ্ঠা ১৭ কলাম ২

প্রথম আলো

# সিলেট ঝিনাইদহ ব্রাহ্মণবাড়িয়া ও বরগুনায় কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা



**এসএসসি ২০০৬**
**পিএ-৫ প্রাপ্ত কৃতীদের**
**সংবর্ধনা**

**প্রথম আলো ডেস্ক**

*প্রথম আলোর* উদ্যোগে গতকাল বৃহস্পতিবার সিলেট, ঝিনাইদহ, বরগুনা ও ব্রাহ্মণবাড়িয়ায় এবারের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে। প্রগতিশীল দেশ গঠনের ত্যয়, মাদককে না বলা, গান ও আবৃত্তির মধ্য য়ে চলে প্রতিটি অনুষ্ঠান। প্রতিটি অনুষ্ঠানে *প্রথম আলোর* বন্ধুসভার বন্ধুরা সহযোগিতা করেন।

আজ শুক্রবার সুনামগঞ্জ, গোপালগঞ্জ ও নিরাজগঞ্জে সংবর্ধনা অনুষ্ঠান হচ্ছে। কাল শনিবার বে চট্টগ্রাম, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জে।

আমাদের অফিস ও প্রতিনিধিদের পাঠানো বের

**ব্রাহ্মণবাড়িয়া:** সবার হাতে জ্বলছে মবাতি। মাইক্রোফোনে বাজছে 'মঙ্গল দ্বীপ জ্বেলে' গানটি—এমনি এক পরিবেশে গতকাল বর্ধনা অনুষ্ঠান শুরু হয়। ব্রাহ্মণবাড়িয়া পৌর লনায়তনে সংবর্ধনা দেওয়া হয় জেলার ২৪৮ জন তী শিক্ষার্থীকে। তাদের *প্রথম আলোর* পক্ষ কে হাতে তুলে দেওয়া হয় সনদপত্র ও ক্রেস্ট।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বন্ধুসভার ক্ষণবাড়িয়া শাখার সভাপতি মো. আবদুর রহিম লাপ। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মা. সাইদুর রহমান। বিশেষ অতিথি হিসেবে পস্থিত ছিলেন ডা. মাহাবুব হোসেন, অধ্যক্ষ নাপানুল ইসলাম, অধ্যাপক কাজী মজিবুর হমান, অ্যাডভোকেট সৈয়দ মোহাম্মদ জামাল, নডিসি মো. হাবিবুর রহমান, প্রভাষক মরিয়ম মিলা, *প্রথম আলোর* প্রতিনিধি ওয়ালিদ সিকদার মুখ। অনুষ্ঠান পরিচালনা করেন ব্রাহ্মণবাড়িয়া ন্ধুসভার সাধারণ সম্পাদক মো. সাহেদ হোসেন।

অনুষ্ঠানে জেলা প্রশাসক বলেন, তোমরা শুধু ক্ষিত নয়, সুশিক্ষিত হয়ে দেশ-জাতির উন্নয়নে রুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কৃতী ছাত্র মো. কাওছার লম তার প্রতিক্রিয়া জানাতে গিয়ে বলে, এ দ্যোগ আমাদের আরও বেশি উজ্জীবিত করবে।

সংবর্ধনা শেষে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে নোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**ঝিনাইদহ:** 'আমরা অভিভাবকেরা কঠোর রিশ্রম করে তোমাদের মানুষের মতো মানুষ রার চেষ্টা করে যাচ্ছি। তোমরা আমাদের কষ্ট ও না। কখনো মাদকাসক্ত হয়ে পড়ো না। জকের এই আনন্দের দিনে তোমাদের কাছে মার এটাই প্রত্যাশা।' কথাগুলো বললেন মধাবী ছাত্র কামরুল হাসানের মা মিনারা খাতুন। তনি ঝিনাইদহ শহর থেকে প্রায় ৭৫ কিলোমিটার রের মহেশপুর উপজেলার প্রান্তাপাড়া গ্রাম থেকে হলেকে নিয়ে এসেছেন সংবর্ধনা অনুষ্ঠানে।

ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ মিলনায়তনে নুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে ২০০ কৃতী শিক্ষার্থী, াদের অভিভাবক ও অতিথিরা অংশ নেন।

ঝিনাইদহ নারিকেলবাড়িয়া ডিগ্রি কলেজের ধ্যক্ষ আমিনুর রহমান টুকুর সভাপতিত্বে অনুষ্ঠিত ংবর্ধনায় প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ লেজের অধ্যক্ষ তোবারক হোসেন।

স্বাগত বক্তৃতা করেন *প্রথম আলো* ঝিনাইদহ তিনিধি আজাদ রহমান। বক্তৃতা করেন ঝিনাইদহ ন্ধুসভার সভাপতি এহতেশামুল হক নতুন, ম্পাদক শাহীনুর আলম লিটন, কৃতী শিক্ষার্থী াব্বির হোসেন শাওন, ফারহানা রহমান, ন্ধুসভার সদস্য মীর ফজলে রাব্বী, সাইক-আল মী লিশন, রকিব আহম্মদ রনি প্রমুখ।

অধ্যক্ষ তোবারক হোসেন বলেন, তোমরা যারা জীবনের শুরুতে একটা কৃতিত্ব অর্জন করেছ, তোমাদের এই আনন্দে হারিয়ে গেলে চলবে না। তোমাদের ভবিষ্যতে আরও ভালো রেজাল্ট করে দেশবাসীর মুখ উজ্জ্বল করতে হবে। একজন মা তোমাদের কাছে অনুরোধের সুরে বলেছেন, তোমরা যেন কেউ মাদকের কবলে আটকে না পড়। ওই মায়ের মতো আমিও তোমাদের কাছে একই অনুরোধ করছি।

**বরগুনা:** ক্ষুধা, দারিদ্র্য, সন্ত্রাসমুক্ত ও প্রগতিশীল জাতি গঠনের প্রত্যয়ের মধ্য দিয়ে গতকাল শেষ হয় সংবর্ধনা অনুষ্ঠান। সকাল সাড়ে ১০টায় বরগুনা প্রেসক্লাবের সম্মেলনকক্ষ কৃতী শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও অতিথিদের উপস্থিতিতে কানায় কানায় ভরে ওঠে।

বন্ধুসভার জেলা সভাপতি চারুশিল্পী মসউদ সিকদার অনুষ্ঠান শুরুর ঘোষণা দেওয়ার সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরা করতালি দিয়ে *প্রথম আলোকে* শুভেচ্ছা জানায়। উপস্থিত অতিথিরাও এ সময় তাদের সঙ্গে

এরপর বরগুনা বন্ধুসভার সাধারণ সম্পাদক ইফতেখার মান্না, প্রভাষক রাকিবুল ইসলাম ও রফিকুল ইসলাম কৃতী শিক্ষার্থীদের রজনীগন্ধা ফুল দিয়ে বরণ করে নেন। শুভেচ্ছা বক্তৃতা করেন *প্রথম আলোর* বরগুনা প্রতিনিধি এম জসীমউদ্দীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি আনোয়ার হোসেন মনোয়ার। প্রধান অতিথি ছিলেন বরগুনার ভারপ্রাপ্ত জেলা প্রশাসক শেখ সাখাওয়াত হোসেন।

অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বরগুনার পৌর চেয়ারম্যান অ্যাডভোকেট মো. শাহজাহান, বরগুনা সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক লিয়াকত জুয়েল, বরগুনা সরকারি কলেজের সহকারী অধ্যাপক মধুমিতা চক্রবর্তী, বরগুনার পুলিশ সুপার মো. সাখাওয়াত হোসাইন, বেতাগী ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক বিমল মল্লিক, তালতলী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আ. মান্নান, অহিদুল ইসলাম পান্না, শিক্ষার্থী কারিমা, তমিজ আহমেদ, নাজমুল হাসান, সাংবাদিক হাসান ঝন্টু, মনির হোসেন কামাল প্রমুখ।

জেলা প্রশাসক বলেন, *প্রথম আলো* আজ তোমাদের দায়বদ্ধতা বাড়িয়ে দিল। পরীক্ষায় ভালো করার মতোই মেধা-মনন দিয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়তে এবার জেগে ওঠো।

পুলিশ সুপার বলেন, আজ এই আয়োজন দেখে আমি অভিভূত। এখন মনে হচ্ছে সবকিছু নষ্টদের অধিকারে যাবে না।

**সিলেট:** নগরীর মীরের ময়দানের ব্লু-বার্ড স্কুল অ্যান্ড কলেজের লাইব্রেরি ভবনে দুপুর একটায় সংবর্ধনা অনষ্ঠান শুরু হয়। শুরুতেই সিলেট বন্ধুসভার বন্ধুরা কৃতী শিক্ষার্থীদের রজনীগন্ধা দিয়ে বরণ করে নিয়ে মিষ্টিমুখ করায়।

অনুষ্ঠানে ১২৫ জন কৃতী শিক্ষার্থীর হাতে *প্রথম আলোর* পক্ষ থেকে সনদপত্র ও ক্রেস্ট তুলে দেওয়া হয়। সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেসরকারি সংস্থা 'অঙ্গীকার বাংলাদেশ'-এর সিলেট বিভাগীয় আহ্বায়ক অ্যাডভোকেট মইনুদ্দিন আহমদ জালাল।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) ইয়াহিয়া ভূঁইয়া, ব্লু-বার্ড স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ রাবেয়া খানম আহমদ, এম এম বিশ্ববিদ্যালয় কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আবুল ফতেহ ফাত্তাহ, *চ্যানেল আইয়ের* নিজস্ব প্রতিবেদক আল-আজাদ, সাংবাদিক সৈয়দ উতবা, বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল অ্যাসোসিয়েশনের সমন্বয়ক মশহুরুল আমিন ও সিলেট বন্ধুসভার সভাপতি উজ্জ্বল রায় প্রমুখ।

অনষ্ঠানটি পরিচালনা করেন সিলেট বন্ধুসভার সাধা